

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
 বীর উত্তম এ, কে মন্ডকার সড়ক
 ৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

স্মারক নং ৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৬- ২৪০

তারিখঃ ১৩/০৩/২০১৭ খ্রিঃ।

বিষয়ঃ অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচী (ইজিপিপি) এর আওতায় বন্যাপ্রবণ এলাকায় দুঃস্থ/অসহায় পরিবারের বসতভিটা উচ্চকরণ বিষয়ে পরিবারের অগ্রাধিকার তালিকা প্রেরণ।


- সূত্রঃ (১) দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং-৫১.০১.০০০০.৪২১.৯৬.০০১.১৫-০৩, তারিখঃ ০৩/০১/১৭ খ্রিঃ।
 (২) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৬-৬৮, তারিখঃ ০৫/০১/২০১৭ খ্রিঃ
 (৩) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৫-৭১, তারিখঃ ২৬/০১/২০১৭ খ্রিঃ
 (৪) দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের স্মারক নং-৫১.০১.০০০০.০১৯.৯৬.২৬৮.১৬-১৩৬, তারিখঃ ১২/০২/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সূত্রোক্ত ১নং স্মারকের নির্দেশনা মোতাবেক ২০১৬-২০১৭ অর্থ বছরে অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচিতে দেশের বন্যাকবলিত ১৯টি জেলায় (সিরাজগঞ্জ, বগুড়া, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, গাইবান্ধা, লালমনিরহাট, সুনামগঞ্জ, জামালপুর, ফরিদপুর, রাজবাড়ী, টাংগাইল, মাদারীপুর, শরীয়তপুর, মানিকগঞ্জ, ঢাকা, মুন্সীগঞ্জ, চাঁদপুর ও রাজশাহী) ৩ ক্যাটাগরীতে [(i) দুঃস্থ/অসহায় পরিবারে কর্মক্ষম ব্যক্তি নেই, (ii) পরিবার প্রধান প্রতিবন্ধী/মহিলা/ঘাটোর্থ বয়সি, (iii) নিজস্ব অর্থায়নে বসতভিটা উঁচু করার সামর্থ্য নেই] বন্যা ঝুঁকি হ্রাসের জন্য অগ্রাধিকার দিয়ে বন্যা কবলিত তীর জেলাধীন উপজেলাসমূহে বসবাসরত কতটি পরিবারের বসতভিটা উচ্চকরণ করা হবে তার একটি অগ্রাধিকার তালিকা ২৫/০১/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণের জন্য সূত্রোক্ত ২ নং স্মারকে অনুরোধ করা হলেও চাহিত তালিকা পাওয়া যায়নি। পরবর্তীতে ০৫/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে উক্ত তালিকা প্রেরণের জন্য সূত্রোক্ত ৩ নং স্মারকে ১ম তাগিদ পত্র দেয়া হয় এবং ১৯/০২/২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে তালিকা প্রেরণ করার জন্য সূত্রোক্ত ৪ নং স্মারকে ২য় তাগিদ পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন তালিকা পাওয়া যায়নি।

২। এমতাবস্থায়, অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির আওতায় তীর জেলায় ১ম পর্যায়ের বন্যাপ্রবণ এলাকায় দুঃস্থ/অসহায় পরিবারের বসতভিটা উচ্চকরণের বিষয়ে কি কি প্রকল্প গ্রহণ করা হয়েছে তা নিম্নোক্ত 'ছক' মোতাবেক তালিকা আগামী ০৭ কর্মদিবসের মধ্যে বিশেষ বাহক মারফত/ফ্যাক্স/ই-মেইল এর মাধ্যমে অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

ক্রমিক নং	ক্যাটাগরী	প্রকল্পের নাম	কর্মরত শ্রমিকের সংখ্যা	কর্ম দিবস
১	২	৩	৪	৫

বিষয়টি অতীব জরুরী


 (শায়ল হোসেন)
 (উপ-সচিব)

উপ-পরিচালক (কাবিখা-৩)
 দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
ddmreport@gmail.com

জেলা প্রশাসক,

জেলা -----।

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, -----।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। পত্রটি অধিদপ্তরের ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, -----।
- ৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, -----।
- ৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। অফিস কপি।